দৈনিক
ইত্তেফাক

তারিখ 03 FEB 2008
পৃষ্ঠা ৩ কলাম ৪

# লেজুড়বৃত্তি ছেড়ে গৌরবের ছাত্র রাজনীতি ফিরিয়ে আনতে হবে

## আলোচনা সভায় বক্তারা

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

জাতীয় ছাত্র সমাজের (জেপি) ১৮তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে 'সংস্কারধর্মী রাষ্ট্র ব্যবস্থায় ছাত্র রাজনীতির গতি প্রকৃতিঃ প্রেক্ষাপট বাংলাদেশ' শীর্ষক আলোচনা সভায় বক্তারা বলেছেন, লেজুড়বৃত্তি ছেড়ে ছাত্র সমাজকে গৌরবের ছাত্র রাজনীতি ফিরিয়ে আনতে হবে। মানুষের কল্যাণের জন্য ছাত্রদের ভূমিকা রাখতে হবে। শনিবার জাতীয় প্রেসক্লাবে জাতীয় পার্টির (জেপি) ছাত্র সংগঠন জাতীয় ছাত্র সমাজ আয়োজিত আলোচনা সভায় বক্তারা এসব কথা বলেন।

সভায় প্রধান অতিথি ছিলেন সাবেক তথ্য উপদেষ্টা মাহবুবুল আলম। বিশেষ অতিথি ছিলেন রাজনীতিবিদ নূরে আলম সিদ্দিকী। এছাড়া বক্তব্য রাখেন জাতীয় পার্টির (জেপি) মহাসচিব শেখ শহীদুল ইসলাম, অতিরিক্ত মহাসচিব সাদেক সিদ্দিকী, প্রেসিডিয়াম সদস্য আব্দুর রহিম, মফিজুল হক বেবু, ভাইস প্রেসিডেন্ট আবু সাঈদ খান, কেন্দ্রীয় নেতা মীর হারুন-অর-রশীদ, জাহাঙ্গীর আলম প্রধান, আমিনুল ইসলাম তপন, ছাত্র সমাজের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক নাসিরউদ্দিন তালুকদার জুয়েল, আতিকুজ্জামান জাহিদ, ছাত্র নেতা আনোয়ার হোসেন সাগর ও জীবন কৃষ্ণ বৈরাগী।

মাহবুবুল আলম বলেন, চাপিয়ে দিয়ে সংস্কার করা হলে সেই সংস্কার কার্যকর হবে না। অর্থনীতির উন্নয়নের জন্য সকলের মতামত নিয়ে সংস্কার করতে হবে। তিনি বলেন, অর্থনৈতিক উন্নয়নের জন্য সবকিছুতেই স্থিতিশীল রাখা প্রয়োজন। তিনি আরো বলেন, মানসম্পন্ন শিক্ষা প্রতিষ্ঠান গড়তে হলে শিক্ষাঙ্গনকে সন্ত্রাসমুক্ত করতে হবে। এজন্য ছাত্ররাই বড় ভূমিকা রাখতে পারে।

নূরে আলম সিদ্দিকী বলেন, লেজুড়বৃত্তিক ছাত্র রাজনীতি সাফল্য বয়ে আনতে পারে না। নেতার আনুগত্য নয়, ছাত্রদের দলের সংবিধানের আনুগত্য করতে হবে।

শেখ শহীদুল ইসলাম বলেন, গৌরবের ছাত্র রাজনীতি ফিরিয়ে আনতে হলে নিজেদের নেতৃত্বের গুণাবলী অর্জন করতে হবে।

সাদেক সিদ্দিকী বলেন, বড় বড় দলগুলো ক্ষমতায় যাওয়ার জন্য এবং ক্ষমতায় টিকে থাকতে ছাত্র রাজনীতিকে ব্যবহার করে।